

নামঃ \_\_\_\_\_ গ্রেডঃ পঞ্চম

রোলঃ \_\_\_\_\_ বিষয়ঃ Bangla

literature

শিক্ষকঃ নাজিয়া সোনম

তারিখঃ



এই দেশ এই

মানুষ

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

সৌভাগ্য, প্রকৃতি, বৈচিত্র্য, বেলাভূমি, প্রান্তর, স্বজন, সার্থক, সাংরাই, বিজু।

**উত্তর :**

সৌভাগ্য - ভালো ভাগ্য।

প্রকৃতি - পরিবেশ, বাইরের জগৎ।

বৈচিত্র্য - বিভিন্নতা।

বেলাভূমি - সমুদ্রের তীরে বালুময় স্থান।

প্রান্তর - মাঠ, জনবসতি নেই এমন বিস্তীর্ণ স্থান।

স্বজন - নিজের লোক, আত্মীয়, বন্ধুবান্ধব।

সার্থক - সফল।

সাংরাই - রাখাইনদের নববর্ষ উৎসব।

বিজু - চাকমাদের নববর্ষ উৎসব।

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

প্রকৃতি, সৌভাগ্য, বৈচিত্র্য, বেলাভূমি, প্রান্তর, সার্থক, স্বজন

- ক. আমাদের ..... যে আমরা এদেশে জন্মেছি।  
খ. আমাদের দেশে রয়েছে সুন্দর .....।  
গ. কোথায় পাহাড়, কোথায় নদী, কোথায়-বা এর সমুদ্রের .....।  
ঘ. একই দেশ, একই মানুষ অথচ কত .....।  
ঙ. দেশ মানে এর মানুষ, নদী, আকাশ, ....., পাহাড়, সমুদ্র এইসব।  
চ. দেশকে ভালোবাসার মধ্য দিয়েই ..... হয়ে উঠবে আমাদের জীবন।

উত্তর : ক. সৌভাগ্য; খ. প্রকৃতি; গ. বেলাভূমি; ঘ. বৈচিত্র্য; ঙ. প্রান্তর; চ. সার্থক।

## ৩. নিচের প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি।

ক. বাংলাদেশে বাঙালি ছাড়া আর কারা বাস করে?

উত্তর : বাংলাদেশে বাঙালি ছাড়াও বাস করে বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্তার লোকজন। এদের মধ্যে উল্লেখযোগ্য হলো-চাকমা, মারমা, সাঁওতাল, মুরং, তঞ্চঙ্গ্যা রাজবংশী ইত্যাদি।

খ. বাংলাদেশের বিভিন্ন ধর্মের উৎসবগুলোর নাম কী?

উত্তর : বাংলাদেশে বিভিন্ন ধর্মের মানুষের নানা রকম উৎসব রয়েছে। নিচে বিভিন্ন ধর্মের উৎসবের নাম উল্লেখ করা হলো :

মুসলমানদের ধর্মীয় উৎসব : ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা।

হিন্দুদের ধর্মীয় উৎসব : দুর্গাপূজাসহ নানা উৎসব ও পার্বণ।

বৌদ্ধদের ধর্মীয় উৎসব : বৌদ্ধ পূর্ণিমা।

খ্রিষ্টানদের ধর্মীয় উৎসব : ইস্টার সানডে, বড়দিন।

গ. বাংলাদেশের জনজীবনের বৈচিত্র্যসমূহ কী কী?

উত্তর : বাংলাদেশের জনজীবন খুবই বৈচিত্র্যপূর্ণ। নিচে তা তুলে ধরা হলো

ধর্মীয় বৈচিত্র্য - এ দেশে বসবাস করে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ইত্যাদি ধর্মের মানুষ।

পেশাগত বৈচিত্র্য - এ দেশের একেক মানুষ একেক পেশায় নিয়োজিত। কেউ কৃষক, কেউ কুমোর, কেউ আবার কাজ করে অফিস-আদালতে।

জাতিসত্তার বৈচিত্র্য - বাঙালি ছাড়াও এ দেশে চাকমা, মারমা, মুরং, সাঁওতালসহ নানা ক্ষুদ্র জাতিসত্তার লোকজন বাস করে।

পোশাক-পরিচ্ছদের বৈচিত্র্য - এদেশের মানুষের পোশাক-আশাকেও অনেক বৈচিত্র্য দেখা যায়। কেউ পরে লুঙ্গি, কেউ শার্ট, কেউ শাড়ি, কেউ বা সালোয়ার কামিজ।

ঘ. “দেশ হলো জননীর মতো।” দেশকে জননীর সাথে তুলনা করা হয়েছে কেন?

উত্তর : জননী স্নেহ-মমতা-ভালোবাসা দিয়ে আমাদের আগলে রাখেন। তেমনি দেশও তার আলো-বাতাস-সম্পদ দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে। এ কারণেই দেশকে জননীর সাথে তুলনা করা হয়েছে।

ঙ. জেলেরা কী কাজ করেন? তারা যদি কাজ না করেন তাহলে আমাদের কী হতে পারে?

উত্তর : জেলেরা পুকুর, নদী, খাল-বিল ইত্যাদি থেকে মাছ ধরেন। জেলেরা যদি তাঁদের কাজ না করেন তাহলে আমরা মাছ খেতে পাব না। এর ফলে আমাদের শরীরে আমিষের অভাব দেখা দেবে। তাই জেলেদের কাজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

চ. “ধর্ম যার যার, উৎসব যেন সবার।” এ কথার দ্বারা কী বোঝানো হয়েছে?

উত্তর : আমাদের দেশে সব ধর্মের মানুষ যুগ যুগ ধরে মিলে-মিশে বসবাস করছে। প্রতিটি ধর্মের রয়েছে ভিন্ন ভিন্ন ধর্মীয় উৎসব। আমরা সবাই মিলে এ উৎসবগুলো উদ্যাপন করি। উৎসবে আনন্দ করার সময় আমরা কে কোন ধর্মের তা মনে রাখি না। এ কারণেই বলা হয়েছে “ধর্ম যার যার, উৎসব যেন সবার।”

ছ. দেশকে কেন ভালোবাসতে হবে?

উত্তর : মা আমাদের স্নেহ ও মমতা দিয়ে আগলে রাখেন। ঠিক সেভাবেই দেশও তার আলো, বাতাস, সম্পদ ইত্যাদি দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে। তাই দেশ আমাদের মায়ের মতোই। মাকে আমরা যেমন ভালোবাসি দেশকেও তেমনিভাবে ভালোবাসতে হবে। দেশকে ভালোবাসার মাধ্যমেই আমাদের জীবন সার্থক হয়ে উঠবে।

৪। বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা ঘরে ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

বাঙালি- অবাঙালি, বন্ধু- শত্রু, দেশ- বিদেশ, সার্থকতা- ব্যর্থতা.

ক. আমাদের বাংলাদেশের বাইরেও অনেক ..... আছে।

খ. সবাই আমরা পরস্পরের .....

গ. .... হলো জননীর মতো।

ঘ. আমাদের ..... যে আমরা এদেশে জন্মেছি।

উত্তর : ক. বাঙালি; খ. বন্ধু; গ. দেশ; ঘ. সার্থকতা।

৫। বহু নির্বাচনী প্রশ্ন-

- ক্ষুদ্র জাতিসত্তার লোকজন কোথায় বাস করে?

- (ক) রাজশাহীতে
- (খ) জামালপুরে
- (গ) **পার্বত্য জেলাগুলোতে**
- (ঘ) ময়মনসিংহে

-. বাংলাদেশের প্রায় সব মানুষ কোন ভাষায় কথা বলে?

- (ক) তাদের নিজ নিজ ভাষায়
- (খ) আঞ্চলিক ভাষায়
- (গ) বাংলা ও ইংরেজি ভাষায়
- (ঘ) **বাংলা ভাষায়**

-. সাঁওতাল ও রাজবংশীরা কোথায় বসবাস করে?

- (ক) পার্বত্য জেলাগুলোতে
- (খ) **রাজশাহী ও জামালপুরে**
- (গ) সিলেটে
- (ঘ) ময়মনসিংহে

-. মুসলমানদের কোন দুটি উৎসবের কথা বলা হয়েছে?

- (ক) মহররম ও রোজা
- (খ) ঈদ ও মহররম
- (গ) রোজা ও ঈদ
- (ঘ) **ঈদুল ফিতর ও ঈদুল আজহা**

-. রাখাইনদের উৎসবের নাম কী?

- (ক) বিজু
- (খ) **সাংগ্রাই**
- (গ) ইস্টার সানডে
- (ঘ) বৈসাবী



বিজু - চাকমাদের নববর্ষ উৎসব।  
উৎসব।



সাংরাই - রাখাইনদের নববর্ষ



সাঁওতাল উপজাতি



মারমা উপজাতি



তঞ্চঙ্গ্যা উপজাতি